

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট
ঢাকা (দক্ষিণ)
আইডিইবি ভবন, ১৬০/এ, কাকরাইল
ঢাকা-১০০০।

আদেশ নং-১৪/মূসক/১৫ তারিখঃ ০৪/০৬/১৫ জারির তারিখঃ ০৪/০৬/২০১৫ খ্রিস্টাব্দ।

আদেশ প্রদানকারী কর্মকর্তার নাম ও পদবী : ইসমাইল হোসেন সিরাজী
কমিশনার (চঃ দাঃ)
কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট
ঢাকা (দক্ষিণ), ঢাকা।

ঃ মূল আদেশনামা :

- ১। এ আদেশের অনুলিপি সংশ্লিষ্ট ব্যক্তির ব্যক্তিগত ব্যবহারের জন্য বিনা মূল্যে প্রদান করা হলো।
- ২। এই আদেশের বিরুদ্ধে আপিল করতে হলে তা আদেশ জারির ০৩ (তিন) মাসের মধ্যে প্রেসিডেন্ট, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট আপিলাত ট্রাইব্যুনাল, ঢাকার বরাবরে দাখিল করতে হবে।
- ৩। আপিল আবেদনের উপর ২০০/- (দুইশত) টাকা মাত্র মূল্যের কোর্ট ফি স্ট্যাম্প সংযুক্ত করতে হবে এবং সেই সংগে নিম্নলিখিত দলিলাদিও সংযুক্ত করতে হবে :
(ক) ১৮৭০ সনের কোর্ট ফি আইনের ১ নং তফসিলের ৬ নং দফা অনুযায়ী ৪.০০ (চার) টাকা মূল্যের কোর্ট ফি স্ট্যাম্প মূল আদেশের উপর সংযুক্ত করতে হবে।
(খ) আপিল আবেদনের একটি অতিরিক্ত অনুলিপি সংশ্লিষ্ট আপিল আবেদনের সাথে দাখিল করতে হবে।
- ৪। মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এর ধারা ৪২(২)(খ) এবং Customs Act ১৯৬৯ এর Section 196A এর প্রতি আপিলকারীর দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে যে, সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক আপিল বিবেচিত হওয়ার পূর্বে মূল আদেশে আরোপিত জরিমানা/ডিউটি ও অন্যান্য করাদি আইনের বিধানমতে অবশ্যই পরিশোধ করতে হবে।
- ৫। লিখিত আপিল ছাড়াও আপিলকারী নিজে অথবা তাঁর মনোনীত প্রতিনিধির মাধ্যমে ব্যক্তিগত গুনানি দিতে চাইলে তাও লিখিত আপিল আবেদনে সুস্পষ্টভাবে উল্লেখ করতে হবে।
- ৬। ক. অভিযুক্ত প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা : মেসার্স রূপসা ট্রেডিং কর্পোরেশন
১০/১৫ পদ্মলোচন রায় লেন, ঢাকা।
খ. অপরাধের ধরণ : মূসক-১৭ তে এন্ট্রি না দিয়ে মূসক-১১ চালান ব্যতীত পণ্য
বিক্রয় মাধ্যমে মূসকফাঁকি।
গ. ফাঁকি প্রদত্ত মূসক এর পরিমাণ : ৩,৮৩,৬৩৪.৭৭ টাকা।

মামলার সংক্ষিপ্ত বিবরণ

কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট ঢাকা (দক্ষিণ), ঢাকার পত্র নথি নং-৪(৬)১২-বাস্তঃ/নজরদারী পদ্ধতি/পণ্য খালাস/২০০৫/৩২৬(৮), তারিখ-৩১.০৩.২০১৩ খ্রিস্টাব্দ এর নির্দেশ মোতাবেক এ দপ্তরের কর্মকর্তা কর্তৃক মেসার্স রূপসা ট্রেডিং কর্পোরেশন, ১০/১৫, পদ্মলোচন রায় লেন, ঢাকা, নিবন্ধন নম্বর-১৯২৩১০৬১৬৮০ নামীয় প্রতিষ্ঠানটির রাজস্ব পর্যালোচনা পূর্বক উৎপাদন অনুযায়ী উপকরণ মজুদ, উৎপাদিত পণ্যের সরবরাহ/মজুদ পণ্যের পরিমাণ যাচাই করার লক্ষ্যে মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এর ধারা ২৬ এ প্রদত্ত ক্ষমতাবলে যুগ্ম কমিশনারের নেতৃত্বে গঠিত টিম প্রতিষ্ঠান হতে ক্রয় রেজিস্টার মূসক-১৬, বিক্রয় রেজিস্টার মূসক-১৭, বিক্রয় চালান-১১ ও চলতি হিসাব রেজিস্টার মূসক-১৮, সিআইএস সেল থেকে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে বিগত ২০০৮-০৯ অর্থবছর হতে ২০১২-১৩ অর্থবছরের ৩১ শে মার্চ পর্যন্ত ৫(পাঁচ) বছর সময়ে মূসক সংক্রান্ত যাবতীয় নিরীক্ষা ও মজুদ যাচাই কার্যক্রম সম্পন্ন করেন। যাচাইকালে প্রতিষ্ঠানের কিছু অনিয়ম পরিলক্ষিত হয়।

স্বাক্ষর

